

**নিউ ইয়র্ক শহর
মেয়রের কার্যালয়**

একটি পাবলিক শুনানি এবং পাবলিক মন্তব্য গ্রহণের সময়কালের বিজ্ঞপ্তি
প্রস্তাবিত ২০২৩ বার্ষিক কর্ম পরিকল্পনা

সমস্ত আগ্রহী সংস্থা, কমিউনিটি বোর্ড, গোষ্ঠী এবং ব্যক্তিদের প্রতি:

ইউ.এস. ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট(U.S. Department of Housing and Urban Development) (HUD) এর 24 CFR 91.105 অনুযায়ী নাগরিকদের অংশগ্রহণ সংক্রান্ত একত্রিত পরিকল্পনার নিয়ম অনুযায়ী, নিউ ইয়র্ক শহরের বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়িত্বপূর্ণ সংস্থাগুলির সাথে মেয়রের কার্যালয় একটি সময়সূচী ঘোষণা করেছে:

প্রস্তাবিত ২০২৩ বার্ষিক কর্ম পরিকল্পনার জন্য একটি ব্যক্তিগত এবং ভার্চুয়াল শুনানি অনুষ্ঠিত হবে,
বৃহস্পতিবার, ২০শে জুলাই সন্ধ্যা ৬:০০-৭:০০ পর্যন্ত।

প্রস্তাবিত ২০২৩ বার্ষিক কর্ম পরিকল্পনায় ৩০-দিনের জনসাধারণের মন্তব্যের সময়কাল হল **সোমবার, ১০শে জুলাই, ২০২৩ থেকে বুধবার, ৯ই আগস্ট, ২০২৩ পর্যন্ত।**

জনসাধারণ ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে অথবা ভার্চুয়াল শুনানিতে উপস্থিত/অংশগ্রহণ করতে পারেন। ভার্চুয়াল শুনানির লিঙ্ক এবং ব্যক্তিগতভাবে শুনানির অবস্থান সম্পর্কে তথ্য নীচে রয়েছে।

শহর পরিকল্পনা বিভাগ (The Department of City Planning) আপনাকে একটি নির্ধারিত জুম মিটিংয়ে আমন্ত্রণ জানাচ্ছে।

ওয়েবিনার(Webinar ID) আইডি: **849 1964 7429**

জনসাধারণের অংশগ্রহণের জন্য জুম (ZOOM) লিঙ্ক:

<https://us06web.zoom.us/j/84919647429?pwd=SHAzL1kwTmcyYm1PdkdzNVNLNUZ6dz09>

সিটি প্ল্যানিং বিভাগ আপনাকে একটি নির্ধারিত ব্যক্তিগত বৈঠকে/মিটিং এ আমন্ত্রণ জানাচ্ছে।

NYC City Planning Commission, Hearing Room,
Lower Concourse, 120 Broadway, Manhattan.

ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (HUD) দ্বারা প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। এটি ক্র্যানস্টন-গনজালেজ হাউজিং অ্যাক্টের ব্যাপক হাউজিং অ্যাফোর্ডেবিলিটি স্ট্র্যাটেজির বিধিবদ্ধ প্রয়োজনীয়তাকে একীভূত করে, এবং চারটি HUD অফিস অফ কমিউনিটি প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্টের এনটাইটেলেমেন্ট প্রোগ্রামের জন্য সিটির বার্ষিক আবেদন: কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট (CDBG), পার্টনারশিপ ইনভেস্টমেন্ট, পার্টনারশিপ গ্র্যান্টস (ESG), এবং এইডস আক্রান্ত ব্যক্তিদের জন্য আবাসন সুযোগ (HOPWA)।

প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনা শুধুমাত্র তহবিলের জন্য সিটির আবেদন হিসেবে নয়, নিউ ইয়র্ক HOPWA যোগ্য মেট্রোপলিটন স্ট্যাটিস্টিক্যাল এরিয়া (HOPWA EMSA)-এর জন্য HOPWA অনুদানের আবেদন হিসেবেও কাজ করে। HOPWA EMSA নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরো, সেইসাথে তিনটি আপস্টেট নিউইয়র্ক কাউন্টি (ওয়েস্টচেস্টার, রকল্যান্ড এবং পুটনাম) নিয়ে গঠিত হবে।

পাবলিক হেয়ারিং প্রস্তাবিত পরিকল্পনা এবং আবাসন, গৃহহীনদের জন্য পরিষেবা, সহায়ক আবাসন পরিষেবা এবং সম্প্রদায়ের উন্নয়নের প্রয়োজন, ইতিবাচকভাবে আরও ন্যায্য আবাসন, এবং প্রস্তাবিত কার্যক্রমের উন্নয়নের জন্য ফেডারেল তহবিলের সিটির ব্যবহার সম্পর্কে মন্তব্য পাওয়ার জন্য নির্ধারিত হয়েছে। এছাড়াও, এজেন্সি প্রতিনিধিরা ২০২২ সালে সিটির একীভূত পরিকল্পনা কার্যক্রমের কর্মক্ষমতা সম্পর্কে মন্তব্য পেতে পারে।

এই পরিকল্পনাটি বোঝার জন্য, অনুগ্রহ করে আমাদের পৃষ্ঠাটিতে যান:

<https://www.nyc.gov/site/operations/projects/consolidated-plan-annual-performance-reports.page>

২০২৩ প্রোগ্রাম বছরের জন্য, সিটি চারটি HUD ফর্মুলা অনুদান প্রোগ্রামের জন্য এনটাইটেলমেন্ট তহবিলে **\$310,374,179** পেয়েছে:

CDBG-এর জন্য **\$169,345,195**;

HOME/বাড়ির জন্য **\$80,485,864**;

HOPWA এর জন্য **\$45,930,651**; এবং ESG-এর জন্য **\$14,612,469**।

নিউ ইয়র্ক সিটির বার্ষিক কর্ম পরিকল্পনা সম্পর্কিত প্রশ্নগুলি নিউ ইয়র্ক সিটি কনসোলিডেটেড প্ল্যান প্রোগ্রাম ম্যানেজার, Lisa Rambaran, conplannyc@cityhall.nyc.gov-এর কাছে পাঠানো উচিত।

conplannyc@cityhall.nyc.gov-এ একটি ইমেল পাঠিয়ে অনুগ্রহ করে আমাদের ইমেল তালিকায় থাকতে সাইন আপ করুন।

আপনি ইমেল এ অ্যাক্সেস বা প্রবেশ করতে অক্ষম হলে, আপনার যোগাযোগের তথ্য লিখিত জমা দিন।

আপনার মন্তব্যগুলি এই ইমেল এ- conplannyc@cityhall.nyc.gov-এ পাঠান অথবা নিম্নলিখিত ঠিকানায় ডাকযোগেও জমা দেওয়া যেতে পারে:

Lisa Rambaran
Mayor's Office of Operations
253 Broadway, 10th Floor
New York, New York- 10007

নিউ ইয়র্ক শহর :

Eric Adams, মেয়র

Daniel Steinberg, পরিচালক,

মেয়রের কার্যালয়

তারিখ: ২৯ জুন, ২০২৩

